

রাজধানীর যানজট নিরসনে সড়কে ২২টি ইউ-লুপ : আনিসুল হক

কালের কণ্ঠ অনলাইন ২৮ নভেম্বর, ২০১৫ ২০:৪৩ | পড়া যাবে ১ মিনিটে

প্রিন্ট



ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক বলেছেন, রাজধানীর যানজট নিরসনে তেজগাঁও সাতরাস্তা থেকে গাজীপুর চৌরাস্তা পর্যন্ত ৩০ কিলোমিটার সড়কে ২২টি ইউ-লুপ স্থাপন করতে যাচ্ছে সরকার।

অ- অ অ+

শনিবার দুপুরে রাজধানীর গুলশান একটি হোটেলে মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন।

জমি পাওয়া গেলে আগামী জুন মাসের মধ্যে কাজ শুরু হবে বলে আশাবাদ ব্যক্ত করেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র।

ইউ-লুপ স্থাপনের জমি, এর প্রশস্ততা, দূরত্বসহ নানা বিষয় তুলে ধরে ঢাকা উত্তর সিটি করপোরেশন মেয়র আনিসুল হক বলেন, এ প্রকল্প বাস্তবায়ন হলে ৩০% যানজট কমানো সম্ভব।

জমি অধিগ্রহণের জন্য সড়ক পরিবহন ও সেতু এবং রেল মন্ত্রণালয়ের সহযোগিতা চান তিনি।

এ প্রকল্প বাস্তবায়নে সড়ক ও জনপথ বিভাগের জমি দেয়ার আশ্বাস দিয়েছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।

তবে যানজট নিরসনে ফুটপাথ অবৈধ দখলমুক্ত করা প্রয়োজন বলেও মনে করেন তিনি।